# আসাম বিধান সভা
# তারাবিহীন প্রশ্ন নং : ৮০
# উত্তর দেওয়ার তারিখ : ০৭-০৭-২০২৬

বিষয়ঃ বরাক উপত্যকার ধামাইল নৃত্যের সম্পর্কিত। শ্রীকমলাক্ষ দে পুরকায়স্থ: বিধায়ক

**প্রশ্ন:**

মাননীয় বরাক উপত্যকা উন্নয়ন বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া জানাবেন কি:

(ক) বরাক উপত্যকার বাংলাভাসির এক ঐতিহ্যপূর্ণ কলা ধামাইল নৃত্যকে জনসম্মুখে তুলিয়া ধরার জন্য কোনো Event করার সরকারের কোনো পরিকল্পনা আছে কি? যদি থাকে তবে কবে এবং কোথায় হইবে তাহার তথ্য সদনে প্রকাশের অনুরোধ জানাই।

(খ) যেহেতু ধামাইল নৃত্য বরাক উপত্যকার একটি প্রাচীন ও ঐতিহ্যবাহী নৃত্য। তাই ধামাইল নৃত্যের জন্য Workshop করার সরকারের কোনো পরিকল্পনা আছে কি? যদি থাকে তাহলে কবে নাগাদ করা হবে তাহার তথ্য সদনে প্রকাশ করার জন্য অনুরোধ জানাই।

**উত্তর:**

মাননীয় বরাক উপত্যকার উন্নয়ণ বিভাগের মন্ত্রী শ্রী কৃষ্ণেন্দু পাল মহোদয় উত্তর দিবেন :-

(ক) বরাক উপত্যকার বিভিন্ন সম্প্রদায়ের সমৃদ্ধ সাংস্কৃতিক ঐতিহ্য, লোকসংস্কৃতি, লোকনৃত্য, লোকসঙ্গীত, শিল্পকলা এবং ধামাইলসহ অন্যান্য ঐতিহ্যবাহী সাংস্কৃতিক উপাদানের সংরক্ষণ, প্রসার ও সমন্বিত উপস্থাপনার লক্ষ্যে বরাক উপত্যকা উন্নয়ন বিভাগ কর্তৃক ২০২৬–২৭ অর্থবছরে 'বরাক উৎসব' আয়োজনের জন্য প্রয়োজনীয় বাজেটীয় সংস্থান করা হয়েছে।

(খ) বরাক উৎসব'-এর আয়োজনের রূপরেখা ও কার্যপদ্ধতি চূড়ান্তকরণের ক্ষেত্রে বরাক উপত্যকার সাংস্কৃতিক বৈচিত্র্য এবং সকল সম্প্রদায়ের সমান প্রতিনিধিত্ব নিশ্চিত করার লক্ষ্যে বিভিন্ন সাংস্কৃতিক সংগঠন, শিল্পী, সাংস্কৃতিক ব্যক্তিত্ব, গবেষক, লোকসংস্কৃতি বিশেষজ্ঞ এবং অন্যান্য বিশিষ্ট ব্যক্তিবর্গসহ সংশ্লিষ্ট সকল অংশীজনের মতামত ও পরামর্শ যথাযথভাবে আহ্বান ও বিবেচনা করা হবে।

**************